

কর্মপত্র

‘সুখী মানুষ’ একটি নাটিকাধর্মী রচনা। এই নাটিকাটিতে দুটি মাত্র দৃশ্য রয়েছে। নাটক বাংলা সাহিত্যের একটি শাখা যা দৃশ্যকাব্য ও শ্রব্যকাব্যের মধ্যে সমন্বয় সাধন করা হয়ে থাকে। সাধারণভাবে বলা যায় যে, সাধারণত সংলাপের মাধ্যমে যখন কোনো কাহিনী দৃশ্যায়িত হয় তখন তাকে নাটক বলে। নাটককে কয়েকটি ভাগে ভাগ করা যায়, যার এক একটি ভাগকে বলা হয় অঙ্ক। নাটকে মোট পাঁচটি ভাগ রয়েছে। কিন্তু ‘সুখী মানুষ’ নাটিকাটিতে আমরা অঙ্কগুলো দেখতে পায় না। যদি কোনো নাটকে পাঁচটির কম অঙ্ক থাকে তবে তাকে নাটিকা বলে। তাই সুখী মানুষ একটি নাটিকা।

মূল্যায়ন

সৃজনশীল প্রশ্নঃ

১. সেলিম সাহেব নানা উপায়ে নানা পন্থায় সম্পদের পাহাড় গড়ে তুলেছেন। নদীর পাড় ভেঙ্গে পড়ার মতো ইদানিং বিভিন্ন অজুহাতে সে পাহাড়ের বিরাট বিরাট অংশ হাতছাড়া হয়ে যাচ্ছে। রাতে দুশ্চিন্তায় ঘুম হয় না। তার মনে হচ্ছে যাকে তিনি এক সময় সুখের উৎস ভেবে ছিলেন তাই হয়ে উঠেছে এখন অসুখের মূল কারণ। ভাঙন যেভাবে লেগেছে তাতে বোঝা যাচ্ছে পাপের ধন প্রায়শ্চিত্তেই যাবে।

ক) নাট্যকার মমতাজ উদ্দীন আহমদ-এর পেশাগত পরিচয় কী ?

খ) হাসু মোড়লের আত্মীয় হওয়া সত্ত্বেও তার অকল্যাণ কামনা করে কেন ?

গ) মোড়ল চরিত্রের সঙ্গে সেলিম সাহেবের চরিত্রের সাদৃশ্য ব্যাখ্যা কর ।

ঘ) ‘মোড়ল আর সেলিম সাহেবের অসুখের মূল কারণ অভিন্ন সূত্রে গাঁথা ।’ - উক্তিটি বিশ্লেষণ কর ।

২. দবির মিয়া সাধারণ মানুষ । তেমন সহায় সম্পত্তি নেই । কাজ করে খায় । এতে সে তুষ্ট । অপরদিকে জলিল মিয়া পৈতৃকসূত্রে অনেক সম্পদের মালিক হওয়া সত্ত্বেও আরও অধিক সম্পদ আহরণের চেষ্টায় মত্ত । মানুষের সাথে খারাপ ব্যবহার ও জোর-জুলুম করে সম্পদের পাহাড় গড়ে তোলে ।

ক) হাসু মিয়া ও রহমত কোথায় বসে ভাবছে ?

খ) “মানুষ ও প্রাণী অমর নয়” - কবিরাজ এ কথাটি কেন বলেছেন ? ব্যাখ্যা কর ।

গ) উদ্দীপক দবির মিয়ার সাথে ‘সুখী মানুষ’ নাটিকার যে দিকের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর ।

ঘ) “জলিল মিয়া ‘সুখী মানুষ’ নাটিকার মোড়লের প্রতিচ্ছবি ।” - বিশ্লেষণ কর ।

জ্ঞানমূলক প্রশ্নঃ

১) ‘সুখী মানুষ’ নাটিকার দৃশ্যসংখ্যা কত?

২) ‘মনের মধ্যে অশান্তি থাকলে ওষুধে কাজ হয় না’ - একথার অর্থ কী ?

৩) রহমত লোকটিকে কত টাকা দিতে চেয়েছিলেন ?

৪) হাসুর বয়স কত ?

৫) ‘সুখী মানুষ’ কোন ধরনের রচনা ?

- ৬) 'তাজ্জব' শব্দের অর্থ কী ?
- ৭) 'মূর্খের মতো কথা বলো না । মানুষ এবং প্রাণী অমর নয়' - উক্তিটি কার ?
- ৮) 'সাত ঘাটের কানাকড়ি' - নাটকটি কে লিখেছেন ?
- ৯) কবিরাজের বয়স কত ?
- ১০) হাসু মিয়া ও রহমত কোথায় বসে আছে ?
- ১১) কত গ্রাম খুঁজে একজন সুখী মানুষ পাওয়া গেল না ?
- ১২) কোন্ গ্রামের মানুষকে মোড়ল খুব জ্বালিয়েছে ?
- ১৩) বনের মধ্যে একলা ঘরে কে থাকে ?
- ১৪) মোড়লের কী রোগ হয়েছে ?
- ১৫) হাসু মিয়া মোড়লের কী হয় ?

অনুধাবনমূলক প্রশ্নঃ

- ১) সুখী মানুষ খুঁজে পাওয়া কঠিন কেন ?
- ২) 'মানুষ এবং প্রাণী অমর নয় ব্যাখ্যা কর - ব্যাখ্যা কর ।
- ৩) 'সুখী মানুষ পাওয়া যাবে না' - হাসু মিয়া একথা কেন বলেছে ?

ধন্যবাদান্তে,

ইসরাত জাহান

সহকারী শিক্ষক

কসমো  স্কুল

ই-মেইলঃ isratjahan11335@gmail.com